দৈনিক ইত্তেফাক

110

তারিখ ... 25 SEP 1998 ...
পৃঃ ২৮ কলাম ৭

# মেধাবী ছাত্ররা প্রচলিত ধারার ছাত্র রাজনীতির বিরুদ্ধে

আনোয়ার আলদীন ॥ এইচএসসি পরীক্ষার মেধা তালিকায় শীর্ষস্থান অধিকারকারীরা প্রায় সকলেই প্রচলিত ধারার ছাত্র রাজনীতির বিপক্ষে। কেহ কেহ ছাত্র রাজনীতি সাময়িকভাবে বন্ধ রাখার পক্ষে মতামত ব্যক্ত করিয়াছে। এই মেধাবীদের মতে, ছাত্র রাজনীতি এখন রাজনৈতিক দলসমূহের লেজুড়বৃত্তিতে পরিণত হইয়াছে। সন্ত্রাস ও সহিংসতা বর্তমানে ছাত্র রাজনীতিকে গ্রাস করিয়াছে। ছাত্র রাজনীতি তাহার মূল লক্ষ্য হইতে বিচ্যুত।

ঢাকা বোর্ডের বিজ্ঞান শাখার সম্মিলিত মেধা তালিকায় প্রথম এসএম নিয়াজ আরেফিন, যশোর বোর্ডের বিজ্ঞানের মেধা তালিকায় প্রথম হাফিজ আল আসাদ, ঢাকা বোর্ডের মানবিক শাখার মেধা তালিকায় প্রথম স্থান অর্জনকারী তাহমিনা জামান, ঢাকা বোর্ডের বাণিজ্য শাখার প্রথম ইশতিয়াক আহমেদ, ঢাকা বোর্ডের বিজ্ঞান শাখা সম্মিলিত মেধা তালিকায় দ্বিতীয় মোহাম্মদ মেরাজুল ইসলাম মোল্লা, মানবিক শাখার দ্বিতীয় তানিয়া রহমানসহ প্রায় সকলেই একবাক্যে প্রচলিত ধারার ছাত্র রাজনীতির প্রতি তাহাদের ঘৃণা ও বিদ্বেষ প্রকাশ করিয়াছে। অবশ্য যশোর বোর্ডের মানবিক শাখার সম্মিলিত মেধা তালিকার প্রথম ঈশিতা রনি প্রগতিশীল ধারার ছাত্র রাজনীতির পক্ষে তাহার সমর্থন ব্যক্ত করিলেও রাজনৈতিক দলের লেজুড়বৃত্তি তাহার পছন্দ নহে।